



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পাল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৮.২৩-৮২০

তারিখ: ০১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

বিষয়: ফেনী পৌরসভার ০৬ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর (সাময়িকভাবে বরখাস্তকৃত) জনাব আবুল কালাম এর বিরুদ্ধে
ফেনী মডেল থানায় দায়েরকৃত জিআর মামলা নং ৪১৭/২০২১ এর তথ্য প্রেরণ।

সূত্র : ১. জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্মারক ০৫.২০.৩০০০.০০৬.২৭.০০৩.২২-৫০৩, তারিখ: ২০ ডিসেম্বর ২০২২;
২. জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্মারক ০৫.২০.৩০০০.০০৬.১৮.০১৮.১৭.১, তারিখ: ১০ জানুয়ারি ২০২৩;
৩. স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন নং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৮.২৩-৮১৯, তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ফেনী পৌরসভার ০৬ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব আবুল
কালাম এর বিরুদ্ধে জনেক গরু ব্যবসায়ী জনাব শাহ জালাল-কে গুলি করে হত্যার অভিযোগে ফেনী মডেল থানায় গত ১৬
জুলাই ২০২১ তারিখে দণ্ডবিধি ৩০২/০০১/৩৪ ধারায় জিআর মামলা নং ৪১৭/২০২১ দায়ের করা হয়েছে এবং উক্ত
মামলায় তার বিরুদ্ধে অভিযোগপত্র গত ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী
আদালত, ফেনী কর্তৃক গ্রহণ করা হয়।

২। সে প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের সূত্রস্থ ৩ নং প্রজ্ঞাপন মূলে উক্ত কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করা
হয়েছে।

৩। এমতাবস্থায়, উল্লিখিত মামলায় উক্ত কাউন্সিলরের বিরুদ্ধে দণ্ড প্রদান করা হলে, দ্রুততম সময়ে স্থানীয় সরকার
বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১০৫১২০২৩
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়ার
ফেনী পৌরসভা
ফেনী

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পাল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, ফেনী
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)